

বীরভূম জেলার হজ যাত্রীদের প্রতি একটি বিশেষ আবেদন

১. এতদ্বারা জেলার মুসলিম সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জানানো যাইতেছে যে, পবিত্র হজে যাইতে ইচ্ছুক যাত্রীদের আন্তর্জাতিক পাসপোর্ট অবশ্য লাগিবো। আন্তর্জাতিক পাসপোর্ট ছাড়া হজের আবেদন জমা নেওয়া হইবে না।
২. যে সমস্ত হজযাত্রী এখনও আন্তর্জাতিক পাসপোর্টের জন্য আবেদন করেননি, তাহারা যেন অনুগ্রহপূর্বক আবেদন পত্র এখনই জেলা পাসপোর্ট দপ্তরে জমা করেন।
৩. হজের আবেদন পত্র মহাকরণ হজ অফিস, হজ হাউস/হজ টাওয়ার/জেলা সংখ্যালঘু অফিস/এস.ডি.ও./বি.ডি.ও. অফিস থেকে পাওয়া যাইবে।
৪. আবেদন পত্রের সহিত স্থায়ী বাসিন্দা প্রমানের জন্য (ক) রেশন কার্ডের কপি (খ) ড্রাইভিং লাইসেন্স (গ) ইলেকট্রিসিটি বিল বা (ঘ) টেলিফোন বিলের কপি জমা করিতে হইবে। এছাড়া নাগরিকত্ব প্রমানের জন্য (ক) ভোটার পরিচয় পত্র (খ) প্যান কার্ড বা (গ) প্রবীন নাগরিকত্ব কার্ড -এর কপি জমা করিতে হইবে।
৫. ১ থেকে ৫ জন পর্যন্ত একত্রে আবেদন করিতে পারিবেন। অনুষ্ঠানিক প্রমান পত্র প্রত্যেকের জন্য আলাদা আলাদা লাগিবো।
৬. যাহারা একবার হজ করেছেন ৫ বৎসর আর হজে যেতে পারিবেন না। যদি আবেদন পত্র জমা করেন তাহলে রিপিটার বলে গণ্য হইবেন এবং জমা টাকা পুরোটাই কেটে নেওয়া হইবে।
৭. কোনো রকমের বিকলাঙ্গ ব্যক্তি আবেদন করিতে পারিবেন না, যদি আবেদন পত্র জমা করেন, আবেদন পত্র বাতিল হইবে ও আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে।
৮. হজ হাউস/হজ টাওয়ার/জেলা সংখ্যালঘু দপ্তরে আবেদন পত্রের অন-লাইন ডাটা এন্ট্রি করা হইবে।
৯. সমস্ত হজ আবেদনকারিকে আবেদন পত্র জমা করার সময় উপস্থিত হইতে হইবে সেখানে বিকলাঙ্গ ও অন্যান্য বিষয়ে বিশেষ ভাবে পরীক্ষা করা হইবে।
১০. হজ আবেদন পত্র জমা করার পর সমস্ত আবেদনকারিকে একটি নির্দিষ্ট দিনে ডাকা হইবে ও হজ বিষয় আলোচনা করা হইবে, উপস্থিত না হইলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হইবে।
১১. সমস্ত হজ আবেদনকারিদের হজ আবেদন পত্রের সহিত হাত ও পা খোলা অবস্থায় পূর্ণাঙ্গ ছবি জমা করিতে হইবে। এছাড়া দশ আঙুলের ছাপ দিতে হইবে।
১২. টীকাকরনের সময় প্রত্যেক হজ আবেদনকারিকে বিকলাঙ্গ কিনা সে বিষয়ে বিশেষ ভাবে পরীক্ষা করা হইবে।
১৩. হজ যাত্রার তিন দিন আগে রিপোর্টিং এর সময় সকল হজ যাত্রীকে উপস্থিত হইতে হইবে, অন্যথা যাত্রার জন্য টিকিট, পাসপোর্ট ও অন্যান্য কাগজ পত্র সরবরাহ করা হইবে না।
১৪. পাসপোর্টের আবেদন পত্র পূরণ করার জন্য জেলা সংখ্যালঘু অফিসে যোগাযোগ করতে পারেন। কোন অবস্থাতে দালালের সঙ্গে যোগাযোগ করছেন জানা গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে।

সিউডী

জগদীশ প্রসাদ মীনা

তারিখ:- ১৬/০১/২০১২

জেলা শাসক, বীরভূম

আবেদনপত্র জেলার website এর মাধ্যমে প্রচারের D.I.O., NIC-Birbhum

সহকারী সচিব

১৬/০১/২০১২

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক

সিউডী, বীরভূম